# সারাদেশে ৩৩ হাজারের বেশি মণ্ডপে দুর্গাপূজা: সার্বজনীন পূজা কমিটি




সংগৃহীত ছবি

এবার সারাদেশে ৩৩ হাজার ৩৫৫টি মণ্ডপে এবং ঢাকা মহানগরে ২৫৯টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। গত বছরের তুলনায় প্রায় দুই হাজার বেশি মণ্ডপে পূজার আয়োজন করা হয়েছে। পূজা শুরুর আগেই কয়েকটি জেলায় প্রতিমা ও মন্দিরে হামলার ঘটনা ঘটলেও আইনশৃঙ্খলা বাহিনী তা দ্রুত নিয়ন্ত্রণে এনেছে।

আগামী ২৭ সেপ্টেম্বর শনিবার বোধনের মাধ্যমে শুরু হবে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গোৎসব। আর ২ অক্টোবর বিজয়া দশমীর মধ্য দিয়ে শেষ হবে এই উৎসব। বিজয়া দশমীর দিন বিকেল তিনটা থেকে রাজধানীসহ সারাদেশে মহাশোভাযাত্রা অনুষ্ঠিত হবে।

শুক্রবার (২৬ সেপ্টেম্বর) সকালে ঢাকেশ্বরী মন্দিরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সার্বজনীন পূজা কমিটির সভাপতি জয়ন্ত কুমার দেব এ তথ্য জানান। তিনি বলেন, গত বছর সারাদেশে ৩১ হাজার ৪৬১টি মণ্ডপে পূজা হয়েছিল, এ বছর তা বেড়ে দাঁড়িয়েছে ৩৩ হাজার ৩৫৫টিতে। এর মধ্যে শুধু ঢাকা মহানগরে পূজা হবে ২৫৯টি মণ্ডপে।

পূজার প্রস্তুতির মধ্যেই ১৩টি জেলায় প্রতিমা ও মন্দিরে হামলার ঘটনা ঘটেছে বলে জানান তিনি। তবে আইনশৃঙ্খলা বাহিনী তাৎক্ষণিক পদক্ষেপ নিয়ে অধিকাংশ দুর্বৃত্তকে আটক করেছে। পূজা চলাকালীন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

LENS ASIA